



# বাংলাদেশ ফুটবল ফেডারেশন BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ১৩-০১-২০২১

## সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের ন্যাশনাল টিমস্ কমিটির এক সভা অদ্য ১৩-০১-২০২১ তারিখ রোজ বুধবার বিকাল ৩:০০ ঘটিকায় বাফুফে ভবনের বোর্ড রুমে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন কমিটির চেয়ারম্যান কাজী নাবিল আহমেদ, এমপি।

ওমান ও কাতার ফুটবল ফেডারেশন কর্তৃক 'ফিফা ওয়ার্ল্ড কাপ ২০২২ কাতার (কোয়ালিফায়ার্স রাউন্ড-২)' ও 'এএফসি এশিয়ান কাপ ২০২৩ (প্রিলিমিনারী জয়েন্ট কোয়ালিফিকেশন রাউন্ড-২)' এর গ্রুপ-ই এর অবশিষ্ট খেলাসমূহ মার্চ ২০২১ এ ফিফা উইডোতে সেন্ট্রালাইজড ভেন্যু ওমান অথবা কাতারে আয়োজন করার প্রস্তাব করা হয়। উক্ত প্রস্তাবনায় বাংলাদেশ ফুটবল ফেডারেশন অসম্মতি প্রকাশ করে বাংলাদেশ জাতীয় ফুটবল দলের পরবর্তী ৩ (তিন) টি হোম ম্যাচ ফিফা কর্তৃক প্রদত্ত সময়সূচী অনুযায়ী বাংলাদেশে অনুষ্ঠানের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করে।

একইসঙ্গে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ জাতীয় ফুটবল দলের প্রধান প্রশিক্ষক Mr. James Day আগামী ১৪-০১-২০২১ তারিখ BG-202 ফ্লাইটযোগে ১২:০০ ঘটিকায় ঢাকায় আগমন করবেন। ঢাকায় আগমনের পর কোভিড-১৯ পরিস্থিতির কারণে স্বাস্থ্য অধিদপ্তরের নিয়ম মেনে তিনি ১৪ দিন হোটেলে কোয়ারেন্টাইনে থাকবেন।

আহসান আহমেদ অমিত  
হেড অব মিডিয়া  
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।